21 আগস্ট, 2020

প্রিয় পিতা-মাতাগণ/অভিভাবকবৃন্দ এবং পরিবারগণ,

আমরা আপনাদের কেবলমাত্র ধন্যবাদ বলার মাধ্যমেই শুরু করতে চাই। যখন আমরা কর্মচারী ও শিক্ষার্থীদের নিরাপদে স্কুল এবং কর্মে ফেরত আসার জন্য সমস্ত পরিকল্পনা ও শিক্ষা মন্ত্রণালয়ের (এডুকেশন মিনিস্ট্রি) প্রয়োজনীয় অনুমোদনসমূহের জন্য আমরা কাজ করে যাচ্ছি তখন আপনাদের অবিরাম ধৈর্য্য ধরার জন্য আপনাদের সবাইকে ধন্যবাদ। এটি একটি সহজ বা সরল প্রক্রিয়া ছিল না। আমরা জানি যে যখন আমরা টিডিএসবির (TDSB) স্কুলসমূহ খুলবো এবং শিক্ষার্থীদের ফেরত আসার জন্য স্বাগত জানাবো তখন কী কী প্রত্যাশা করবেন সেই সম্পর্কে আরো জানার জন্য আপনারা উদ্বিগ্ন হয়ে রয়েছেন। আমরা সামনে এগিয়ে যাওয়ার পথে আপনাদের অবিরত বোঝাপড়া ও আস্থাস্থাপন করার জন্য আন্তরিকভাবে প্রশংসা করছি। স্কুলে নিরাপদে ফেরত আসার জন্য কার্যকরভাবে পরিকল্পনা গ্রহণে আমরা যা যা করতে পারছি তা করছি এবং কর্মচারী, শিক্ষার্থী এবং পরিবারগণের নিরাপত্তা ও স্বাস্থ্য রক্ষার ব্যাপারে আমাদের দৃষ্টিনিবদ্ধ।

আপনারা হয়ত জানেন যে ট্রাস্টিগণ গতকাল স্কুলসমূহে শিক্ষার্থী এবং কর্মচারীগণের নিরাপত্তা সম্পর্কিত উন্নতিবিধানে সাহায্য করার জন্য প্রাথমিক স্কুলসমূহের শ্রেণীর আকার কমাতে অতিরিক্ত 366 জন শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করার ব্যাপারে $30 মিলিয়নের চেয়েও বেশী আর্থিক-অনুদান করা সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করেছেন। কর্মচারীগণ এখন আমাদের মাধ্যমিক ও প্রাথমিক স্কুলের শিক্ষণ মডেলসমূহ চূড়ান্ত করেছেন এবং আমরা গুরুত্বপূর্ণ পরিকল্পনা ও স্কুলসমূহ পুনরায় খোলার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা সহ সামনে এগিয়ে যাচ্ছি।

বিলম্বিত শুরু: মঙ্গলবার, 15 সেপ্টেম্বর

স্কুলে ফেরত আসার জন্য তৈরী হতে প্রয়োজনীয় যে সময় প্রদান করা হয়েছে, তার জন্য টিডিএসবিকে স্কুলের প্রথমদিনটি (প্রাথমিক, মাধ্যমিক এবং ভার্চুয়াল স্কুলের জন্য) **মঙ্গলবার, 15 সেপ্টেম্বরে সরিয়ে নিতেই হবে।** সকল শ্রেণীর প্রবেশ তিন দিন ধরে সামান্য সরিয়ে নেওয়া হবে। এই অতিরিক্ত সময়টি স্কুলসমূহ নিরাপদে এবং সুশৃঙ্খল পদ্ধতিতে খোলায় আমাদের সাহায্য করবে। স্কুলের প্রথম দিনটির পূর্বেই আপনার শিশুর স্কুল থেকে আরও তথ্য ও সুনির্দিষ্ট বিস্তারিত বিবরণ পিতা-মাতা/পরিবারগণের সাথে সরাসরি ভাগ করে নেওয়া হবে বা শেয়ার করা হবে।

মাস্ক/ফেইস কাভারিং গাইডলাইনস (Mask/Face Covering Guidlines)

স্কুলসমূহে স্বাস্থ্য ও নিরাপত্তার উন্নতিবিধান করার জন্য সকল শিক্ষার্থী এবং কর্মচারীকে টিডিএসবি ভবনসমূহ ও স্কুল বাসসমূহে মাস্ক/মুখমণ্ডলে আচ্ছাদন পরিধান করতেই হবে। এই সিদ্ধান্তটি সিটি অব টরন্টোর সামগ্রিক প্রয়োজনীয়তার সাথে সঙ্গতি রেখেই যে অভ্যন্তরীণ সর্বসাধারণের স্থানসমূহে দুই বছর বয়সের বেশী যে কোনো ব্যক্তিকে মাস্ক/মুখমণ্ডলের আচ্ছাদন বা ফেইস কাভারিং পরিধান করতে হবেই - চিকিৎসা সংক্রান্ত কারণসমূহের জন্য অব্যাহতি সহ। প্রয়োজনে, স্কুলসমূহ শিক্ষার্থীদের জন্য মাস্ক উপলভ্য করবে, তবে এটি আশা করা হবে যে শিক্ষার্থীগণ নিজেরা তাদের নিজেদের মাস্ক/মুখমণ্ডলের আচ্ছাদনের ব্যবস্থা করবেন এবং পরিধান করবেন। বিশেষকরে অপেক্ষাকৃত অল্পবয়সী শিক্ষার্থীদের ক্ষেত্রে আমরা নিশ্চিত করবো যে বহিরাঙ্গনের বিরতিসমূহ যেনো থাকে যাতে করে শিক্ষার্থীগণ একবারে একাধিক ঘন্টার জন্য মাস্ক পরিধান না করে থাকে। মাস্ক/মুখমণ্ডলের আচ্ছাদন সম্পর্কিত আরও বিস্তারিত বিবরণ শীঘ্রই আসবে।

শিক্ষণের মডেলসমূহ (Learning Models)

প্রাথমিক (কিন্ডারগার্টেন থেকে ৪ম শ্রেণী পর্যন্ত)

শিক্ষার্থীগণ (যারা স্পেশাল এডুকেশন এবং ফ্রেঞ্চ ইমারশন ও এক্সটেন্ডেড ফ্রেঞ্চ কর্মসূচিসমূহে রয়েছেন তারা সহ) প্রতি সপ্তাহে 5 দিন করে স্কুলে উপস্থিত থাকবেন, অবকাশ ও মধ্যাহ্ন-ভোজনের সময় সহ পূর্ণ দিবসের জন্য একটি দল/গ্রুপ সহ। শারীরিক দূরত্ব সর্বাধিক কার্যকরী করাতে সাহায্য করার জন্য অপেক্ষাকৃত ছোট শ্রেণীর আকার সহ বর্ধিত স্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত বিধিমালা বা প্রটোকলসমূহ স্থাপন করা হবে। টরন্টোর এমন সমস্ত কমিউনিটিসমূহে যেখানে টরন্টো জন স্বাস্থ্যের তথ্য-উপাত্ত বা ডেটা কোভিড-19 এর সংক্রমণের বেশী ঝুঁকি প্রদর্শন করে সেখানে অন্য প্রাথমিক স্কুলের চেয়ে শ্রেণীর আকার অপেক্ষাকৃত ছোট হবে। আরও তথ্যের জন্য ওয়েবসাইটটিতে যান, যার অন্তর্ভুক্ত রয়েছে প্রাথমিক শ্রেণীর আকারসমূহের বিস্তারিত বিবরণ।

মাধ্যমিক (9ম শ্রেণী থেকে 12শ শ্রেণী পর্যন্ত)

শিক্ষার্থীগণ (যারা স্পেশাল এডুকেশন এবং ফ্রেঞ্চ ইমারশন ও এক্সটেন্ডেড কর্মসূচিতে রয়েছেন তারা সহ) একদিন অন্তর ব্যক্তিগত-উপস্থিতির মাধ্যমে শ্রেণী শিক্ষণ পাবেন এবং প্রতিদিনই যুগপত (লাইভ, অনলাইন শিক্ষণ) এবং অযুগপত (স্বতন্ত্র কাজ) শিক্ষণে অংশগ্রণ করবেন যেখানে শারীরিক দূরত্ব সর্বাধিক কার্যকরী করাতে সাহায্য করার জন্য অপেক্ষাকৃত ছোট শ্রেণীর আকার সহ বর্ধিত স্বাস্থ্যবিধি থাকবে। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে ওয়েবসাইটটিতে যান।

ভার্চুয়াল স্কুল (কিন্ডারগার্টেন থেকে 12শ শ্রেণী পর্যন্ত)

যে সকল পিতা-মাতা তাদের শিশুদের বাড়ি থেকে শেখাতে চান তারা দূরবর্তী শিক্ষণ পদ্ধতি বা অপশনটি বেছে নিতে পারবেন। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে ওয়েবসাইটটিতে যান। প্রাথমিক (Elementary) এবং মাধ্যমিক (Secondary)।

স্কুলে ব্যক্তিগতভাবে বা ভার্চুয়াল লার্নিংয়ের জন্য নিবন্ধন

আপনারা জানেন যে আমরা এই মাসের শুরুতেই কোন কোন শিক্ষার্থী সেপ্টেম্বরে স্কুলে ফেরত আসার পরিকল্পনা করেছেন এবং কোন কোন শিক্ষার্থী সম্পূর্ণভাবে দূরবর্তী (বাড়ি) শিক্ষণে অংশগ্রহণ করবেন সে ব্যাপারে প্রাক-নিবন্ধন প্রক্রিয়া শুরু করেছ।। তারপর থেকে, শিক্ষণের মডেলসমূহে উল্লেখযোগ্য পরিবর্তন করা হয়েছে এবং এই সিদ্ধান্তটি গ্রহণে পিতা-মাতাগণকে অবহিত করায় সাহায্য করার জন্য আরও তথ্য উপলভ্য হয়েছে। অতএব, আগামী সপ্তাহের বুধবার, টিডিএসবি পিতা-মাতা/অভিভাবকগণকে তাদের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করার জন্য অনুরোধ করবে এবং তাদের শিশুদের স্কুলে উপস্থিত থাকার জন্য নিবন্ধন করতে বা *ভার্চুয়াল স্কুলের* মাধ্যমে দূরবর্তী শিক্ষণ বাছাই করার জন্য অনুরোধ করবে। ইমেইলটিতে প্রত্যেক শিক্ষার্থীর জন্য অনলাইন নিবন্ধন ফর্মের একটি অনন্য লিংক থাকবে। যে সকল পিতা-মাতা/অভিভাবকের একাধিক শিশু রয়েছে তারা তাদের প্রত্যেক শিশুর জন্য একটি করে ইমেল পাবেন এবং প্রত্যেক শিশুর জন্য একটি পৃথক নিবন্ধন ফর্ম সম্পন্ন করতে হবে। বিশটি ভিন্ন ভাষাতে অনলাইন নিবন্ধন ফর্মটি পাওয়া যাবে।

সকল পিতা-মাতা/অভিভাবকের জন্য এই অনলাইন নিবন্ধন ফর্মটি সম্পন্ন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ, এমনকি তাদের জন্যও যারা গত সপ্তাহে ইতোমধ্যে টেলিফোনের মাধ্যমে প্রাক-নিবন্ধন করেছেন। কেবলমাত্র যে সকল পিতা-মাতা/অভিভাবকের কোন ইমেইলের ঠিকানা বা ইমেল অ্যাড্রেস ফাইলে নেই বা যারা অনলাইনে নিবন্ধন ফর্মটি সম্পন্ন করবেন না তারা তাদের

নির্বাচন করার ব্যাপারে নিবন্ধন সম্পকির্ত একটি টেলিফোন কল পাবেন। আরও তথ্যের জন্য এবং নিবন্ধনের বিভিন্ন বিকল্প বা ডিফারেন্ট রেজিস্ট্রেশন অপশনস সম্পর্কে জানার জন্য আমরা সকল পিতা-মাতা/অভিভাবককে টিডিএসবির ওয়েবসাইটটিতে যাওয়ার জন্য উৎসাহিত করছি।

বুধবার, 26 আগস্ট: সকল পিতা-মাতা/অভিভাবকের কাছে ইমেইলে প্রেরণ করা হবে এবং নিবন্ধন খোলা হবে
শনিবার, 29 আগস্ট: নিবন্ধন বন্ধ হয়ে যাবে

পরবর্তী পদক্ষেপসমূহ

আমরা আগামী দিনগুলোতে পরিবারদের অবহিত এবং হালনাগাদ করা চালিয়ে যাবো। আমরা কর্মচারী এবং শিক্ষার্থীদের গ্রহণ করার জন্য প্রস্তুতি গ্রহণ করছি। প্রথম পদক্ষেপ হিসেবে, বর্তমানে প্রোগ্রাম এন্ড অপারেশনাল গাইডলাইনস চূড়ান্ত করা হচ্ছে এবং আগামী সপ্তাহে প্রিন্সিপ্যাল/ভাইস-প্রিন্সিপ্যাল ও স্কুলের কর্মচারীদের এগুলি জানানো হবে। কর্মচারী এবং শিক্ষার্থীদের স্কুলে নিরাপদে ফেরত আসার জন্য স্কুলের সুযোগ-সুবিধাসমূহে অনেক বিবেচনা ও সমন্বয় করতে হবে এবং স্কুলের কর্মচারীদের এইসব প্রয়োজনসমূহ সম্পর্কে শেখার জন্য সময়ের দরকার ও শিক্ষার্থীদের স্কুলে ফেরত আসার পূর্বেই তা বাস্তবায়ন করা শুরু করতে হবে। আমাদের স্কুলের স্বাস্থ্য এবং নিরাপত্তা বিষয়ক নির্দেশিকা সম্পর্কে ওয়েবসাইটে আরও জানুন।

এই গুরুত্বপূর্ণ কাজটি চলার সময় আমরা আপনার অবিরাম ধৈর্য্যের জন্য অনুরোধ করছি। অনুগ্রহ করে মনে রাখুন যে শিক্ষক এবং স্কুলের কর্মচারীগণও তথ্য ও বিস্তারিত বিবরণের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন যা তাদের সেপ্টেম্বরের জন্য পরিকল্পনা করতে দেবে। স্কুল এবং শ্রেণীর সুনির্দিষ্ট পরিকল্পনাসমূহ প্রস্তুত ও চূড়ান্ত করার জন্য কিছু সময় লাগবে। অনুগ্রহ করে জেনে রাখুন যে প্রিন্সিপ্যালগণ স্কুলের সুনির্দিষ্ট তথ্যাবলী সরাসরি পরিবারগণের সাথে যত শীঘ্র সম্ভব জানানো শুরু করবেন। আমরা জানি যে আপনাদের অনেক প্রশ্ন ও উদ্বেগ রয়েছে এবং কর্মচারীগণ তাদের সাধ্যমত প্রয়োজনীয় তথ্য প্রদান করা ও আপনাদের অবহিত করা চালিয়ে যাবেন।

আমরা এটিতে একসাথে রয়েছি এবং কর্মচারীবৃন্দ, শিক্ষার্থীগণ ও পরিবারগণের স্বাস্থ্য এবং নিরাপত্তা নিশ্চিত করার জন্য আমরা সকলে একটি সাধারণ লক্ষ্যের ভাগীদার। স্কুলে ফেরত আসা যাতে সকলের জন্য যতটা সম্ভব স্বচ্ছন্দে হয় আমরা তাই চাই এবং এটি করার জন্য আমাদের একত্রে কাজ করা চালিয়ে যেতে হবে।

বিনীত,

কারলীন জ্যাকসন (Carlene Jackson)
শিক্ষা পরিচালক (Director of Education)

আলেক্স্যান্ডার ব্রাউন (Alexander Brown)
সভাপতি (Chair)